দৈনিক
ইত্তেফাক

তারিখ: 27 NOV 2016
পৃষ্ঠা: ১৩ কলাম: ৪

# সিকৃবির ৬টি অনুষদে অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

■ সিলেট অফিস

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ৬টি অনুষদে অনার্স প্রথম বর্ষের লেভেল-১ সেমিস্টার-১ এর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sau.ac.bd-এ ফলাফল পাওয়া যাচ্ছে বলে নিশ্চিত করেছে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও প্রকাশনা দপ্তর।

ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং এসএসসি ও এইচএসসির জিপিএ-র ভিত্তিতে মোট ৩৮৮ জনের মেধা তালিকা, ৩২ জনের সংরক্ষিত আসনের মেধাতালিকা, ৭৪৮ জনের অপেক্ষমাণ তালিকা ও ৬২ জনের সংরক্ষিত আসনের অপেক্ষমাণ তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ভর্তি কমিটি ২০১৭-এর আহ্বায়ক প্রফেসর ড. এ.এফ.এম. সাইফুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ ফলাফল প্রকাশিত হলো।

মেধাতালিকা থেকে নির্বাচিত ছাত্র-ছাত্রীদের আগামী রবিবার সকাল ৯টা হতে ২ ডিসেম্বর রাত ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে গিয়ে অনুষদভিত্তিক অপশন ও তথ্য প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের পর আর কোনো অনুষদ ভিত্তিক অপশন গ্রহণ করা হবে না। অপশন প্রদানকৃত পরীক্ষার্থীর মোট নম্বরের ভিত্তিতে অনুষদ ভিত্তিক ফলাফল আগামী ৩ ডিসেম্বর বিকাল ২টায় প্রকাশ করা হবে। ৪ ডিসেম্বর সকাল ৯টা হতে ভর্তির কার্যক্রম শুরু হবে।

অপেক্ষমাণ তালিকায় স্থানপ্রাপ্ত পরীক্ষার্থীদেরও এই সময়ের মধ্যে অনুষদ ভিত্তিক অপশন ও তথ্য প্রদান করতে হবে। মেধা তালিকা থেকে ভর্তির পর শূন্য আসনের জন্য অপশন প্রদানকৃত পরীক্ষার্থীদের মোট নম্বরের ভিত্তিতে অনুষদভিত্তিক ফলাফল ৭ ডিসেম্বর সকাল ১১টায় প্রকাশ করা হবে। আগামী ৮ ডিসেম্বর সকাল ৯টা থেকে অপেক্ষমাণ তালিকা হতে ভর্তির কার্যক্রম শুরু হবে।

এর আগে গত শুক্রবার সিকৃবির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক ভবনসহ ৯টি কেন্দ্রে সকাল দশটায় এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৩৭৪টি আসনের বিপরীতে মোট ১১ হাজার ৪শ' ৯৬ জন পরীক্ষার্থী আবেদন করেছিল। এ বছর প্রতি আসনে প্রায় ৩১ জন পরীক্ষার্থী ছিল।